দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 APR 2017
পৃষ্ঠা ...১৪... কলাম ...২...

# জঙ্গী ঠেকাতে শপথ সাড়ে তিন লাখ শিক্ষার্থীর

**নিজস্ব সংবাদদাতা, রংপুর, ২৬ এপ্রিল ॥** সন্ত্রাস, মাদক ও জঙ্গীবাদের বিরুদ্ধে রংপুরের ৮৭২ শিক্ষা প্রতিষ্ঠানের তিন লাখ ৫২ হাজার শিক্ষার্থী একসঙ্গে একই কণ্ঠে শপথ নিয়েছে। বুধবার সকাল ১০টায় এ উপলক্ষে রংপুর পুলিশ লাইন স্কুল এ্যান্ড কলেজ মাঠে আয়োজন করা হয় মূল অনুষ্ঠানের। এতে উপস্থিত শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করান পুলিশ সুপার মিজানুর রহমান, পিপিএম। শপথ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রংপুর রেঞ্জের ডিআইজি খন্দকার গোলাম ফারুক বিপিএম, পিপিএম। শপথে শিক্ষার্থীরা বলেন, আমরা ছাত্রছাত্রীরা এই মর্মে শপথ করছি যে, রংপুরকে মাদকমুক্ত জঙ্গীমুক্ত রাখতে সদা সচেষ্ট থাকব। এ লক্ষ্যে, আমরা একে অপরকে সর্বদা সাহায্য সহযোগিতা করব।

হে প্রভু, আমাদের শক্তি দিন আমরা যেন এই অগ্রযাত্রা অব্যাহত রাখতে পারি আমিন। তারা মুষ্টিবদ্ধ হাতে শপথ নিয়ে রংপুরসহ সারাদেশে মাদক ও জঙ্গীমুক্ত করার প্রত্যয় ব্যক্ত করেন। পুলিশ লাইন্স স্কুলের দশম শ্রেণীর ছাত্র ফয়সাল শামীম জানায়, অনেক শিক্ষার্থী মিলে শপথ গ্রহণ করলাম যাতে ভবিষ্যতে অন্যায় কাজের দিকে ধাবিত না হই। মাদকমুক্ত সমাজ গড়তে পারি। শপথ নিতে আসা রংপুর পুলিশ লাইন স্কুল এ্যান্ড কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থী সায়লা আঞ্জুমান বলেন, মাদকমুক্ত দেশ গড়ার জন্য আমরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে চাই। সে জন্যই শপথ নিলাম। চাই দেশকে জঙ্গীবাদ মুক্ত করতে। সেজন্য আমরা সবাই একাত্মতা হয়েছি। অনুষ্ঠানে আসা নুরুল আবসার দুলাল ও আশরাফুল আলম নামের এক অভিভাবক বলেন, নিশ্চয়ই এটা একটা ভাল উদ্যোগ। এতে নতুন প্রজন্ম একটা মেসেজ পেল। এই মেসেজে তারা মাদক এবং জঙ্গীবাদ থেকে দূরে থাকবে বলে আমি বিশ্বাস করি।

শপথ অনুষ্ঠানে রংপুর রেঞ্জের ডিআইজি খন্দকার গোলাম ফারুক বলেন, রংপুরকে মাদক ও জঙ্গীমুক্ত করার জিরো টলারেন্স নীতি নিয়েছে পুলিশ। এই মহতী উদ্যোগে দলমত নির্বিশেষে সকল শ্রেণী-পেশার মানুষের সহযোগিতা চাই।

স্ব-স্ব স্কুলের প্রধান শিক্ষক, অধ্যক্ষরা তাদের শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করান। এ সময় পুলিশ প্রশাসনের কর্মকর্তারা সেখানে উপস্থিত ছিলেন। মোট ৩ লাখ ৫৩ হাজার ৭১ শিক্ষার্থী এ শপথ নেন। এ শপথ অনুষ্ঠানকে ঘিরে রংপুর মহানগরীসহ জেলার বদরগঞ্জ, তারাগঞ্জ, রংপুর সদর, গংগাচড়া, পীরগঞ্জ, কাউনিয়া, পীরগাছা, মিঠাপুকুর, ভেন্ডাবাড়ীসহ জেলার বিভিন্ন স্কুল, কলেজ, মাদরাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে উৎসবের আমেজ তৈরি হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এস.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি. এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর